দর্শনা কলেজপাড়া ঈদগাঁ কমিটির আয়োজনে ইফতার মাহফিল

দর্শনা কলেজপাড়া ঈদগাঁ কমিটির আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার দর্শনা সরকারি কলেজ একাডেমি ভবনের সামনে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

কলেজপাড়া ঈদগাঁ কমিটির সভাপতি ও জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম তরফদারের সভাপতিত্বে ইফতার মাহফিলে অংশ নেন দর্শনার সাবেক মেয়র আতিয়ার রহমান হাবু, ঈদগাঁ কমিটির সাধারণ সম্পাদক সাবেক অধ্যক্ষ আজিজুর রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসান, সাবেক শ্রমিক নেতা আতিয়ার রহমান আতা, বীর মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন, সাবেক পুলিশ কর্মকর্তা খালিদ হোসেন এবং দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আব্দুল গনি মাস্টার, ইদ্রিস আলী, মিরাজ উদ্দিন ও রাজু নাতি প্রমুখ। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন নাজমুল হুদা।

দর্শনা রেলবাজারে ৬ প্রতিষ্ঠানে ১০ হাজার টাকা জরিমানা

দর্শনা রেলবাজার এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে বিভিন্ন অনিয়মের দায়ে ৬টি প্রতিষ্ঠানকে মোট ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল সোমবার বেলা সাড়ে ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এ অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও পৌর প্রশাসক শাহীন আলম।

[redacted]

[redacted]

দর্শনা রেলবাজার, কেরু মার্কেট, দর্শনা পৌর মার্কেট ও কিয়ামত আলী মার্কেটসহ এলাকার বিভিন্ন মার্কেটে ঈদের কেনাকাটা বেশ জমে উঠেছে।

দর্শনায় কৃষকদের মাঝে বিনা ধান-১৪ ও বিনা তিল-২ বীজ বিতরণ

চুয়াডাঙ্গার দর্শনায় বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর সহায়তায় কৃষকদের মাঝে বিনা ধান-১৪ ও বিনা তিল-২ বীজ বিনামূল্যে বিতরণ করা হয়েছে। শনিবার বিকাল ৫টায় দর্শনার পরানপুরে অলিফ ট্রেডার্সের সামনে ৩০ জন কৃষকের মধ্যে এসব বীজ বিতরণ করা হয়।

বীজ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষক উন্নয়ন সংগঠনের দর্শনা শাখার সভাপতি আমির হোসেন। প্রধান অতিথি হিসেবে বীজ বিতরণ করেন বিনা বীজ গবেষণার সঙ্গে সম্পৃক্ত কৃষক এবং জীবননগর কৃষি সম্প্রসারণ বিভাগের এসএমইসহ একাধিক বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের পুরস্কারপ্রাপ্ত কৃষক রাজেদুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন কৃষক উন্নয়ন সংগঠনের দর্শনা শাখার সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম। এছাড়া আরও উপস্থিত ছিলেন সংগঠনের অর্থ সম্পাদক তোজাম মালিথা, সহ-সভাপতি আলাউদ্দিন, সহ-সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক রানা, কৃষক প্রতিনিধি মহিদুল ইসলাম, প্রচার ও যোগাযোগ সম্পাদক ইন্তাজ আলী এবং দপ্তর সম্পাদক বখতিয়ার হোসেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সাংবাদিক আওয়াল হোসেন।

জড়িতদের গ্রেপ্তারের দাবিতে দর্শনায় বিক্ষোভ ও সমাবেশ

চুয়াডাঙ্গার জীবননগরে বিএনপির নেতাকর্মীদের হামলায় জামায়াতে ইসলামীর কর্মী হাফিজুর রহমান নিহতের ঘটনায় প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে দর্শনা থানা সাংগঠনিক জামায়াতে ইসলামী।

গতকাল সোমবার বিকেল ৪টার দিকে দর্শনা বাসস্ট্যান্ডে অবস্থিত জামায়াতে ইসলামীর কার্যালয় থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে রেলবাজার মুক্তমঞ্চে গিয়ে প্রতিবাদ সমাবেশে রূপ নেয়।

সমাবেশে বক্তারা নিহত হাফিজুর রহমান হত্যাকাণ্ডে জড়িত বিএনপি কর্মীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানান। তারা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্তদের গ্রেপ্তার করা না হলে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে এবং এর দায় প্রশাসনকেই নিতে হবে।

দর্শনা পৌর আমির শাহিকুল আলম অপুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের নায়েবে আমির ও দামুড়হুদার সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান। এছাড়া বক্তব্য দেন জেলা জয়েন্ট সেক্রেটারি আব্দুল কাদের ও দর্শনা থানা আমির রেজাউল করিম।

এদিকে, ঘটনাকে কেন্দ্র করে পুরো এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

দর্শনায় ওয়ারেন্টভুক্ত আসামীসহ ৩ জন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে সি আর মামলার পরোয়ানাভুক্ত ও নিয়মিত মামলার আসামীসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

বুধবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসানের নেতৃত্বে অভিযান পরিচালনা করা হয় দর্শনা থানাধীন নেহালপুর গ্রামে। এ সময় নিয়মিত মামলার আসামী, মৃত করিম মন্ডলের ছেলে ফয়েজ উদ্দীন (৫০)কে গ্রেফতার করা হয়।

এরপর সি আর মামলার পরোয়ানাভুক্ত আসামী, সিলিন্দাপাড়ার লাল মোহাম্মদের ছেলে শরিফুল ইসলাম (৩৬) এবং জয়নগর গ্রামের আমিরের ছেলে সোহেলকেও (২৬) গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত তিনজনকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় আদিবাসীদের মাঝে স্যানিটেশন বিষয়ক ওরিয়েন্টেশন ও সামগ্রী বিতরণ

দর্শনায় আদিবাসী জনগোষ্ঠীর মাঝে স্যানিটেশন বিষয়ে ওরিয়েন্টেশন ও স্যানিটেশন সামগ্রী বিতরণ করেছে মৌচাক সমাজ উন্নয়ন সংস্থা। বুধবার সকাল ১০টা থেকে দিনব্যাপী এ কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ১৭ জন নারী ও পুরুষ আদিবাসীকে স্যানিটেশন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাদের মাঝে স্যানিটেশন সামগ্রী বিতরণ করা হয়। বিতরণকৃত সামগ্রীর মধ্যে ছিল সাবান, হারপিক, বালতি, ব্রাশ, বদনা ও খাবার।

মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার সভাপতি তক্কেল আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কর্মশালায় প্রশিক্ষক হিসেবে বক্তব্য দেন কমিউনিটি হেলথ কেয়ার প্রোপাইটার শাহিনুজ্জামান পলাশ। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার ম্যানেজার মকবুল হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আওয়াল হোসেন ও সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মৌচাকের কর্মকর্তা জিল্লুর রহমান।

[redacted]

[redacted]

স্থানীয় সূত্রে জানা যায়, আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে এলাকায় রাজনৈতিক উত্তেজনা বিরাজ করছিল। অভিযোগ রয়েছে, আওয়ামী লীগ সমর্থিত হাসেম ও খায়রুল কামড়ি গং রিপনের মধ্যে পূর্বে বাগবিতণ্ডা হয়। এ বিরোধের জের ধরেই পরিকল্পিতভাবে হামলা চালানো হয়েছে বলে দাবি পরিবারের।

এ ঘটনার প্রতিবাদে রাত ৯টার দিকে দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক নাহারুল ইসলাম মাস্টারের নেতৃত্বে শহরে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলে বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা অংশ নেন। পরে তারা দর্শনা থানা ঘেরাও করে দ্রুত আসামিদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট বলেন, রিপনের ওপর হামলা পরিকল্পিত। রাজনৈতিক প্রতিহিংসার কারণেই ইফতার শেষে মসজিদে যাওয়ার পথে তাকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে জখম করা হয়েছে। আমরা এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায় এবং অবিলম্বে জড়িতদের গ্রেফতারের দাবি করছি।

ওই রাতেই আহত রিপনের ভাই রুবেল বাদী হয়ে খাইরুল, হাশেম, কুদ্দুস ও শফিকুল সহ ১৩ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত ২০-২৫ জনের নামে দর্শনা থানায় একটি মামলা দায়ের করেন। এরপর জেলা পুলিশের বিভিন্ন ইউনিট আসামিদের ধরতে বিভিন্ন জায়গায় অভিযান পরিচালনা করেন। অবশেষে ৩ দিন পর আজ বুধবার ভোরে চুয়াডাঙ্গা জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সহযোগিতায় পুলিশের একটি টিম ৪ জনকে গ্রেফতার করে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, অন্য আসামিদের ধরতে পুলিশের একাধিক টিম তৎপর রয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে বলেও তিনি জানান।

আলমডাঙ্গায় নিখোঁজের চারদিন পর দর্শনা থেকে হাত-পায়ে শিকল বাঁধা অবস্থায় উদ্ধার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থেকে রহস্যজনকভাবে নিখোঁজের চারদিন পর দর্শনা এলাকা থেকে হাত-পায়ে শিকল বাঁধা অবস্থায় মোঃ বিপুল (৪৫) নামে এক ব্যক্তিকে উদ্ধার করেছে পুলিশ। ঘটনাটি ঘিরে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

উদ্ধার হওয়া বিপুল আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়নের বটিয়াপাড়া গ্রামের বাসিন্দা আব্দুল সাত্তার মন্ডলের ছেলে।

পরিবারের দাবি, গত শনিবার (২১ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে তিনি চুয়াডাঙ্গা সদর পোস্ট অফিস এলাকায় ছিলেন। সেখান থেকে অজ্ঞাত ব্যক্তিরা তাকে জোরপূর্বক তুলে নিয়ে যায়। পরে এ ঘটনায় আলমডাঙ্গা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়।

গতকাল মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) রাত আনুমানিক ১০টার দিকে দর্শনা পৌরসভার হঠাৎপাড়া এলাকার পাকা রাস্তার পাশে তাকে হাত-পায়ে লোহার শিকল বাঁধা অবস্থায় পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। প্রথমে ভবঘুরে মনে হলেও কাছে গিয়ে শিকল বাঁধা অবস্থা দেখে তারা পুলিশে খবর দেন।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদী হাসান জানান, উদ্ধারকৃত ব্যক্তির নিখোঁজ সংক্রান্ত জিডি ছিল। তাকে উদ্ধার করে আলমডাঙ্গা থানায় হস্তান্তর করা হয়েছে।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার ওসি বানী ইসরাইল বলেন, তাকে জিজ্ঞাসাবাদ করে ঘটনার প্রকৃত কারণ উদঘাটনের চেষ্টা চলছে।

প্রকাশ্যে তুলে নেওয়ার অভিযোগ এবং চারদিন পর অন্য এলাকায় শিকলবন্দি অবস্থায় উদ্ধারের ঘটনায় জনমনে আতঙ্ক ছড়িয়েছে। এটি পরিকল্পিত অপহরণ নাকি অন্য কোনো ঘটনার অংশ তা নিয়ে তৈরি হয়েছে নানা প্রশ্ন।

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে উঠান বৈঠক

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার বাস্তবায়নে এবং বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে একটি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টার দিকে দর্শনা পৌরসভার কালিদাসপুর গ্রামের আদিবাসী পাড়ায় স্যানিটেশন উন্নয়ন কর্মসূচির উপকারভোগীদের নিয়ে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে স্যানিটেশন বিষয়ে আদিবাসী নারীদের সচেতনতা বৃদ্ধি, স্বাস্থ্যবিধি মেনে চলা এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়।

উঠান বৈঠকে উপস্থিত ছিলেন মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানেজার মোহাম্মদ মকবুল হোসেন। অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা করেন মোহাম্মদ জিল্লুর রহমান।